

স্মারক নং- মাউশি/সেসিপ-SPSU/তদন্ত ও শৃঙ্খলা/৩-২৭/২০২০/ ২০৫

তারিখ: ০৭/০৯/২০২২ খ্রি.

বিষয়: বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির কারণ দর্শানোর জবাব প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আপনি জনাব মিলন ভূঞা (১৮৭৭) পাটরা দামপাড়া উচ্চ বিদ্যালয়, পূর্বধলা, নেত্রকোনা (ঝাউডাঙ্গা কলাকান্দা মডেল স্কুল, দেওয়ানগঞ্জ, জামালপুর-এ বদলিকৃত) সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ) এর আওতায় প্রোগ্রাম চলাকালীন সময়ের জন্য চুক্তিভিত্তিক ও সাক্ষ্য বেতনে নিয়োগকৃত রিসোর্স টিচার। প্রধান শিক্ষক এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার প্রতিবেদন অনুযায়ী আপনার বিরুদ্ধে বিভিন্ন সময়ে বিদ্যালয়ে অনিয়মিত উপস্থিতি, কর্তৃপক্ষকে অবহিত না করে অনুপস্থিত থাকা, অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন না করা এবং সর্বশেষ গত ০১/০৪/২০২২ খ্রি. তারিখ থেকে বিদ্যালয়ে বিনা অনুমতিতে অনুপস্থিত থাকার অভিযোগ পাওয়া গেছে (কপি সংযুক্ত)। এ জাতীয় অভিযোগের প্রেক্ষিতে আপনার বিরুদ্ধে ইতোপূর্বে তদন্ত করা হয়েছে। আপনার বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে মাউশি/সেসিপ-SPSU/RT/৩-২৭/২০২০(পার্ট-২)/৯৯ নম্বর স্মারকে গত ২০/০৭/২০২২ খ্রি. তারিখে ঝাউডাঙ্গা কলাকান্দা মডেল স্কুল, দেওয়ানগঞ্জ, জামালপুর-এ বদলি করা হয়। কিন্তু আপনি অদ্যাবধি বদলিকৃত কর্মস্থলে যোগদান করেননি এবং কর্তৃপক্ষকে অবহিতও করেননি। আপনার এ ধরনের আচরণ শৃঙ্খলা ও চাকরি বিধির পরিপন্থী।

এমতাবস্থায়, বর্ণিত অভিযোগের প্রেক্ষিতে কেন আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অত্র দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। অন্যথায় উক্ত সময়ের মধ্যে আপনার নিকট থেকে কোনো সুনির্দিষ্ট সন্তোষজনক জবাব পাওয়া না গেলে আপনার সাথে সম্পাদিত চুক্তি এবং নিয়োগপত্রের শর্তানুযায়ী চাকরি হতে অব্যাহতি প্রদান করা হবে।

সংযুক্তি: ০৫ পাতা।

- ১। বর্তমান ঠিকানা-
জনাব মিলন ভূঞা
রিসোর্স টিচার, পাটরা দামপাড়া উচ্চ বিদ্যালয়, পূর্বধলা, নেত্রকোনা।
(ঝাউডাঙ্গা কলাকান্দা মডেল স্কুল, দেওয়ানগঞ্জ, জামালপুর-এ
বদলির আদেশাধীন)

- ২। স্থায়ী ঠিকানা- গ্রাম: বিলজুরা, ডাকঘর: বিলজুরা
উপজেলা: পূর্বধলা, জেলা: নেত্রকোনা


09.09.2022
(প্রফেসর ড. সামিন নাহার)

যুগ্ম প্রোগ্রাম পরিচালক (অ.দা.)

☎ ০২-২২৩৩৮৩৭১২


e-mail: jpd.sesip@gmail.com

স্মারক নং- মাউশি/সেসিপ-SPSU/তদন্ত ও শৃঙ্খলা/৩-২৭/২০২০/

তারিখ: ০৭/০৯/২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

১. প্রোগ্রাম পরিচালক, সেসিপ ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা;
২. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষামন্ত্রণালয়, ৪৫ পুরানাপল্টন, ঢাকা/বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক,.....;
৩. প্রকল্প কর্মকর্তা (প্রোগ্রাম-৩), এসপিএসইউ, সেসিপ (সেসিপ এর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ);
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পূর্বধলা, নেত্রকোনা;
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দেওয়ানগঞ্জ, জামালপুর;
৬. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, পূর্বধলা, নেত্রকোনা;
৭. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, দেওয়ানগঞ্জ, জামালপুর;
৮. প্রধান শিক্ষক, পাটরা দামপাড়া উচ্চ বিদ্যালয়, পূর্বধলা, নেত্রকোনা;
৯. প্রধান শিক্ষক, ঝাউডাঙ্গা কলাকান্দা মডেল স্কুল, দেওয়ানগঞ্জ, জামালপুর;
১০. অফিস কপি।


09/09/2022

মো: আমিনুল ইসলাম
উপপরিচালক (ইকুইটি)